

(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়  
পরিষদ-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
([www.mochta.gov.bd](http://www.mochta.gov.bd))

স্মারক নম্বর-২৯.০০.০০০০.২১৪.০৯.২৪৭.২১-৩৮

তারিখ: ০৯/০৪/২০২৪ খ্রি:

সভার নোটিশ

দ্বাদশ জাতীয় সংসদের পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১৯ মার্চ ২০২৪ তারিখে অনুষ্ঠিত ১ম বৈঠকের কার্যবিবরণীর ১০.৭ নম্বর ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী তিন পার্বত্য জেলায় বাণিজ্যিকভাবে রাবার বাগান সৃজন সম্পর্কিত বিষয়ে আগামী ১৮/০৪/২০২৪ তারিখ সকাল ১১.০০ টায় এ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৬১৯, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন সম্মানিত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।

২। সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচী: (১) তিন পার্বত্য জেলায় বাণিজ্যিকভাবে রাবার বাগান সৃজনের জন্য জমি লীজ প্রদান, লীজকৃত প্লট নবায়ন ও নবায়ন ফি পুনঃনির্ধারণ সংক্রান্ত।

(২) বিবিধ।

  
০৯/০৪/২০২৪  
(তাসলীমা বেগম)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৫৫১০০৬৩০

Email: [sasparisad@mochta.gov.bd](mailto:sasparisad@mochta.gov.bd)

সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাকে যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তাকে সংশ্লিষ্ট তথ্যাদিসহ সভায় প্রেরণের জন্য সবিনয়ে অনুরোধ করা হলো)।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, বাংলাদেশ বন গবেষণা ইন্সটিটিউট ক্যাম্পাস, ষোলশহর, চট্টগ্রাম (সংশ্লিষ্ট তথ্যাদিসহ একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য সবিনয়ে অনুরোধ করা হলো)।
- ৩। অতিরিক্ত সচিব (পরিষদ), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (পরিষদ), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপসচিব (কাউন্সিল অফিসার), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, রাজশাহী/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা (সংশ্লিষ্ট সকল তথ্যাদিসহ কমপক্ষে ০১জন অতিরিক্ত জেলা প্রশাসক-কে প্রেরণের জন্য সবিনয়ে অনুরোধ করা হলো)।

স্মারক নম্বর-২৯.০০.০০০০.২১৪.০৯.২৪৭.২১-৩৮

তারিখ: ০৯/০৪/২০২৪ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপসচিব(নিরাপত্তা-২ অধিশাখা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় আগত সদস্য-কে যানবাহনসহ সচিবালয়ে প্রবেশের অনুমতি দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ২। উপসচিব(বাজেট/প্রশাসন-২), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (তাকে সভাকক্ষ প্রস্তুত এবং সভায় আগত সদস্যদের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৪। সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার নোটিশ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য এবং সভা কক্ষের সাউন্ড সিস্টেম যাচাই করে রাখার অনুরোধসহ)।

  
০৯/০৪/২০২৪  
(তাসলীমা বেগম)

সিনিয়র সহকারী সচিব